দৈনিক বাংলা

15 OCT 1988
৮ ৪

009

## কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৮৭-৮৮ সেশনের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের নির্ধারিত তারিখ পার হয়ে গেছে বহুদিন। আর এর কারণ সাধারণ ছাত্র হিসেবে আমরা যতটুকু জানতে পেরেছি তা অত্যন্ত দুঃখজনক।

বিশ্ববিদ্যালয়ের কতিপয় প্রভাবশালী শিক্ষক নাকি তাদের সন্তানদের (যারা মেধাগত দিক থেকে বিশ্ববিদ্যালয়ের উপযুক্ত নয়) ভর্তি করানোর চেষ্টা চালান। কিন্তু এটা অন্যান্য নীতিবান শিক্ষকদের নিকট প্রকাশ হয়ে পড়লে ভর্তি পরীক্ষার ফল প্রকাশে শুরু হয় বিলম্ব। তার পর এই ঘটনার জন্য করা হয় তদন্ত কমিটি।

এধরনের গর্হিত কর্মকান্ডের সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হোক। শ্রদ্ধেয় শিক্ষকদের প্রতি আমাদের আবেদন আপনারা প্রয়োজনবোধে জাতীয় সংবাদপত্রগুলোতে এ সংক্রান্ত প্রকৃত তথ্য সর্বস্তরে

(৩-এর কঃ দ্রঃ)

(৮-এর কঃ পর)

প্রকাশ করুন এবং জাতি ও বিশ্ববিদ্যালয়ের জন্য এমন একটি আত্মঘাতী তৎপরতার বিরুদ্ধে রুখে দাঁড়ান।

কতিপয় ছাত্র,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।